কোটচাঁদপুরে বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া ও আলোচনা সভা

কোটচাঁদপুরে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে পিজন ক্লাবে এ দোয়া মাহফিল ও আলোচনা সভা করা হয়।

কোটচাঁদপুর পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি আব্দুর রাজ্জাক।

প্রধান বক্তা হিসেবে আলোচনা সভায় বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৩ আসনের বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী মেহেদী হাসান রনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপি’র সহ-সভাপতি আবু বকর বিশ্বাস, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হারুন আর রশিদ, সাবেক উপজেলা চেয়ারম্যান একরামুল হক, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন।

সভা শেষে দোয়া অনুষ্ঠান ও বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন, কোটচাঁদপুর ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রের মহতামিম মাওলানা নুরুন্নবী আশিকী।

মেহেরপুরে বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

মেহেরপুরে বিএনপি’র চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

জাতীয়তাবাদী শ্রমিক দল, জেলা শাখার উদ্যোগে গতকাল শনিবার রাতে শহরের কমিউনিটি সেন্টার প্রাঙ্গণে এই দোয়া মাফফিলের আয়োজন করা হয়।

জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক সংসদ সদস্য ও বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুণ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাড. মারুফ আহাম্মেদ বিজন।

এসময় বক্তারা বলেন, আজ আমরা উৎকণ্ঠিত, আমরা উদ্বিগ্ন। দেশনেত্রী যখন অসুস্থ, আমরা রাব্বুল আলামিনের কাছে দু’হাত তুলে প্রার্থনা করতে চাই। বাংলাদেশের এই সংকটকালীন সময়ে তিনি যেন তাঁর করুণা আমাদের ওপর বর্ষণ করেন।

আগামী দিনে আমরা একটি নতুন বাংলাদেশ গড়ে তুলতে চাই যে বাংলাদেশ হবে গণতন্ত্র, নিরাপত্তা ও মানুষের অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে প্রকৃত অর্থে মানুষের বাংলাদেশ।

তাই বেগম খালেদা জিয়া সুস্থতা কামনা করে আমরা সকলেই দোয়া করবো। যেন তিনি আবারও এই বাংলাদেশের সেবা করার সুযোগ যেন আল্লাহপাক তাকে দেন। তাহলে আমরা এই বাংলার মানুষ যে আশা আকাঙ্খা নিয়ে আছি তা পূরণ হবে।

এসময় জেলা বিএনপির জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি এ. কে. এম. খাইরুল বাশার, সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমান,

জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালুসহ শ্রমিকদলের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনার পরে বেগম খালেদা জিয়ার দ্রুত রোগ মুক্তি ও পরিপূর্ণ সুস্থতা কামনায় বিশেষ মোনাজাত করা হয় এবং উপস্থিত সকলের মাঝে তবারক বিতরণ করা হয়।